আপলোডের ব্যবস্থা নিন

নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
www.betar.gov.bd

ARE-1
KT

নথি নং- ১৫.৫৩.০০০০.০০০.০১৬.০২.০০০২.২৬. 629

তারিখ : 26/05/2026

## অফিস আদেশ

বিষয় ঃ পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ছুটিকালীন সময়ে বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিটের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ প্রসঙ্গে।

পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ছুটিকালীন সময় বাংলাদেশ বেতারের কেপিআইভুক্ত সকল কেন্দ্র/ইউনিটের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা ও সতর্কবস্থা বজায় রাখা খুবই জরুরি, যাতে কোন অনাকাঙ্খিত ঘটনা না ঘটে। সে লক্ষ্যে বাংলাদেশ বেতারের কেপিআইভুক্ত স্ব-স্ব দপ্তরের নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে জরুরিভিত্তিতে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে ঃ

০১। কেপিআই এর মধ্যে বিদ্যমান সকল ড্রেন, ডাষ্টবিন ও ঝোঁপ জঙ্গলের মধ্যে কোন ধরনের বিষ্ফোরক জাতীয় দ্রব্য/নিষিদ্ধ কোন দ্রব্যসামগ্রী পরিত্যক্ত অবস্থায় না থাকে তা প্রতিরোধকল্পে জরুরিভাবে সকল কেপিআই-এর অভ্যন্তরের ঝোঁপজঙ্গল পরিষ্কার পরিচ্ছন্ন করতে হবে।

০২। প্রত্যেকটি কেপিআই ভিজিলেন্স টীম কর্তৃক পরিদর্শন করতে হবে এবং এই ছুটিকালীন সময়ে প্রতিটি কেপিআই এর সার্বিক সুষ্ঠু নিরাপত্তা বজায় রাখার জন্য একজন কর্মকর্তাকে তদারকীয় দায়িত্বে নিযুক্ত করতে হবে।

০৩। সকল কেন্দ্র/ইউনিটে ২৪ (চব্বিশ) ঘন্টা নিরাপত্তা প্রহরার ব্যবস্থা নিশ্চিত করতে হবে এবং নিরাপত্তার কাজে নিয়োজিত পুলিশ ও নিজস্ব নিরাপত্তা প্রহরীগণকে নির্ধারিত পোশাক পরিধান পূর্বক সার্বক্ষনিক সর্তকাবস্থায় দায়িত্ব পালন করতে হবে।

০৪। দপ্তরের কাজে ব্যবহৃত বিদ্যমান নিরাপত্তার সরঞ্জামাদি যেমন ঃ হ্যান্ড মেটাল ডিটেক্টর, ভেহিক্যাল সার্চ মিরর, সিসি ক্যামেরাসমূহ সার্বক্ষনিক সচল রাখতে হবে।

০৫। দপ্তরের পানির লাইন, বৈদ্যুতিক লাইন (কম্পিউটার, ফ্যান, লাইট, ইলেকট্রিক কেটলি) সুইচ বন্ধ, অগ্নি নির্বাপক যন্ত্রসমূহ সচল অবস্থায় আছে কিনা তা পূর্বেই পরীক্ষা করতে হবে, জরুরি পরিস্থিতি মোকাবিলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে এবং ইমার্জেন্সি রিজারভয়ার সার্বক্ষণিক পানি দ্বারা পূর্ণ রাখতে হবে।

০৬। দপ্তরের অভ্যন্তরে বিড়ি/সিগারেট-এর পরিত্যক্ত অংশ থেকে অগ্নিদূর্ঘটনা ঘটতে পাওে বিধায় কেপিআই এলাকার অভ্যন্তরে সকল ধরনের ধূমপান সম্পূর্ণরূপে বন্ধ রাখা নিশ্চিত করতে হবে।

০৭। দপ্তরের নিকটবর্তী থানা, ফায়ার সার্ভিস স্টেশন, সেনা ক্যাম্প এর ফোন নম্বরসমূহ সংগ্রহ করে দৃশ্যমান স্থানে লাগিয়ে রাখতে হবে।

০৮। ছুটিকালীন সময় দপ্তরে প্রবেশের পূর্বে কর্মকর্তা/কর্মচারী/আগত বহিরাগতদের সঙ্গে ধারণকৃত ব্যাগ ও অন্যান্য জিনিসপত্র ব্যাগ স্ক্যানার দিয়ে পরীক্ষা করিয়ে নিতে হবে। ব্যাগ স্ক্যানার না থাকলে কর্তব্যরত নিরাপত্তা প্রহরীদেরকে দিয়ে পরীক্ষা করিয়ে নিতে হবে।

০৯। বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা কেপিআইয়ের অভ্যন্তরে কোন অনাকাঙ্খিত ঘটনা ঘটলে তাৎক্ষনিক সদর দপ্তরের উপআঞ্চলিক প্রকৌশলী (নিরাপত্তা) এর ০১৭৭৯ ৮৬৫ ১৪১ ও নিরাপত্তা কর্মকর্তার ০১৭১০ ৫৩৩ ১২২, ফায়ার সার্ভিস হটলাইন ১০২, ১৬১৬৩, ফায়ার সার্ভিস কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ ০২-২২৩ ৩৫৫ ৫৫৫ এবং জরুরি প্রয়োজনে ৯৯৯-এ যোগাযোগ করা যেতে পারে।

১০। কেন্দ্র/ইউনিট প্রধানগণ বিষয়টি সার্বক্ষনিক তদারকি করবেন এবং বর্ণিত নির্দেশনা পুঙ্খানুপুঙ্খভাবে বাস্তবায়নসহ অধিকতর সর্তকতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো।


মোঃ রুবাইয়াত শামীম চৌধুরী
পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।
☎ ঃ ০২-৪৪৮১৩০৭১
ই-মেইল : da@betar.gov.bd


চলমান পাতা - ২

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
০২। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
০৩। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
০৪। উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১/২), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
০৫। উপ-মহাপরিচালক (নিউ মিডিয়া সেল), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
০৬। উপ-মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
০৭। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
০৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরি কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা/বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
০৯। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**।
১০। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/সংরক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ বেতার, ঢাকা
১১। সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম।
১২। আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২/৩/৪/৫ বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা/বাংলাদেশ বেতার, নওয়াপাড়া, যশোর/ বাংলাদেশ বেতার, কালুরঘাট, চট্টগ্রাম/ বাংলাদেশ বেতার, কাহালু বগুড়া।
১৩। পরিচালক, অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/কৃষি সার্ভিস দপ্তর/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টিসেল/কেন্দ্রীয় বার্তা সংস্থা/মনিটরিং পরিদপ্তর/বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিশ্ব কার্যক্রম/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৪। পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/ময়মনসিংহ/বরিশাল।
১৫। অতিরিক্ত পরিচালক, (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৬। আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা/গোপালগঞ্জ।
১৭। আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৮। স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৯। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা/ গোপালগঞ্জ/ময়মনসিংহ।
২০। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২১। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২২। উপ-আঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভান্ডার, বাংলাদেশ বেতার, পাহাড়তলী, চট্টগ্রাম।
২৩। উপ-আঞ্চলিক প্রকৌশলী (নিরাপত্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২৪। নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা।
২৫। পুলিশ পরিদর্শক, বাংলাদেশ বেতার পুলিশ ব্যারাক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
২৬। নথি/গার্ড ফাইল।

২৬.০৮.২০২৫

সৈয়দ জাহিদুল ইসলাম
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।